

🗏 ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬: ৪৬

💵 আরবি মূল আয়াত:

وَ مَا تَاتِيهِم مِّن أَيَةٍ مِّن أَيْتٍ رَبِّهِم إلَّا كَانُوا عَنهَا مُعرِضِينَ ﴿٢۶﴾

আর তাদের রবের নিদর্শনসমূহ থেকে তাদের কাছে কোন নিদর্শন আসলেই তারা তা থেকে মুখ ফিরিয়ে নেয়। — আল-বায়ান

তাদের কাছে তাদের প্রতিপালকের নিদর্শন থেকে যখনই কোন নিদর্শন আসে তখনই তারা তাখেকে মুখ ফিরিয়ে নেয়। — তাইসিরুল

আর যখনই তাদের রবের নিদর্শনাবলীর কোন নিদর্শন তাদের নিকট আসে তখন তারা তা হতে মুখ ফিরিয়ে নেয়। — মুজিবুর রহমান

And no sign comes to them from the signs of their Lord except that they are from it turning away. — Sahih International

৪৬. আর যখনই তাদের রবের আয়াতসমূহের কোন আয়াত তাদের কাছে আসে, তখনই তারা তা থেকে মুখ ফিরিয়ে নেয়।

তাফসীরে জাকারিয়া

- (৪৬) যখনই ওদের প্রতিপালকের কোন নিদর্শন ওদের নিকট আসে, তখনই ওরা তা থেকে মুখ ফিরিয়ে নেয়। [1]
 - [1] অর্থাৎ, তওহীদ ও রসূলের সত্যতার যে সকল নিদর্শনই তাদের সামনে আসে, তাতে তারা চিন্তা-ভাবনাই করে না যে, তাতে তারা উপকৃত হবে। বরং প্রত্যেক নিদর্শনকে অস্বীকার করাই তাদের স্বভাব।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3751

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন